তারিখ ......
পৃষ্ঠা ৭২ কলাম ৪......



ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া ছাত্রীদের পক্ষে হাইকোর্ট রায় দিলেও গতকাল ভিকারুন নিসা নূন স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ ঐ [illegible]
-ভোরের কাগজ

ভিকারুননিসা ইউনিভার্সিটি

# আদালতের নির্দেশ সত্ত্বেও ক্যাম্পাসে ঢুকতে পারলেন না শিক্ষার্থী-শিক্ষকরা

কাগজ প্রতিবেদক : আদালতের নির্দেশ থাকা সত্ত্বেও ভিকারুননিসা ইউনিভার্সিটির শিক্ষার্থী ও অভিভাবকরা গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় চত্বরে প্রবেশ করতে পারেননি। শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও কর্মকর্তাদের প্রবেশে ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ কর্তৃপক্ষ বাধা প্রদান করেছে বলে জানা গেছে।

উল্লেখ্য, আদালতের নির্দেশ ও কর্তৃপক্ষের সার্কুলার অনুযায়ী গতকাল শনিবার থেকে ক্লাসসহ অন্যান্য কার্যক্রম শুরু হওয়ার কথা ছিল। অভিভাবকদের পক্ষ থেকে স্কুল ও কলেজ কর্তৃপক্ষের কাছে বিষয়টি জানতে চাওয়া হলে এ ব্যাপারে কেউ কোনো কথা বলেননি বলে অভিভাবকদের পক্ষ থেকে একজন অভিযোগ করেছেন।

অভিভাবকদের পক্ষ থেকে রমনা থানায় ছাত্রীদের নিরাপত্তা, শিক্ষা কার্যক্রম চালুসহ বর্তমান পরিস্থিতি সম্পর্কে সাধারণ ডায়েরি থানা কর্তৃপক্ষ গ্রহণ করেনি বলেও অভিযোগ পাওয়া গেছে। শিক্ষার্থীদের নিয়ে অভিভাবকদের বেলা সাড়ে ১২টা পর্যন্ত [illegible] রোদের মধ্যে গেটের বাইরে অপেক্ষা [illegible] করতে হয়েছে।

প্রসঙ্গত, ঢাকার যুগ্ম জেলা জজ প্রথম আদালত ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের ১৩৩ মেধাবী ছাত্রীর লেখাপড়া সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পাদনের ক্ষেত্রে কোনো প্রকার বাধাবিঘ্ন সৃষ্টি না করার জন্য গত বুধবার অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করে। ভিকারুননিসা ইউনিভার্সিটি ফাউন্ডেশনের অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্তের শুনানি অনুষ্ঠিত হবে আগামী ২৪ নভেম্বর। ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের ক্যাম্পাসে প্রবেশে বাধা দেওয়ার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ আব্দুস সাত্তার বাদী হয়ে ঢাকা যুগ্ম জেলা জজ প্রথম আদালতে অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা প্রার্থনা করেন। যুগ্ম জেলা জজ মোঃ আলতাফ হোসাইন এই আবেদনের পরিপ্রেক্ষিতে অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করেন এবং অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত শুনানির তারিখ নির্ধারণ করেন।